দর্শনায় কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক প্রার্থী নফরের কর্মী সমাবেশ

দর্শনায় কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক প্রার্থী জয়নাল আবেদীন নফরের সাংগঠনিক কার্যালয়ের কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সন্ধায় দর্শনা কেরুজ গীর্জার পাশে অবস্থিত সাংগঠনিক কার্যালয়ের এ কর্মী সমাবেশ অনুষ্টিত হয়।

দর্শনা কেরুজ ডিষ্টিলারী বিভাগের আনারুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক প্রার্থী জয়নাল আবেদিন নফর।

তিনি বলেন আমি নতুন প্রার্থী হলেও সকলে আমাকে চেনেন বা জানেন। আমি আপনাদের মাঝে এবার প্রার্থী হয়ে হাজির হয়েছি। আপনারা আমাকে নির্বাচিত করলে শ্রমিকদের স্বার্থে যা,যা করার দরকার আমি তাই করবো। শ্রমিক স্বার্থে আমি সবসময় আপনাদের সাথে থাকবো এবং আপনারা আমাকে পাশে পাবেন।

এ মিলে নিয়োগ প্রক্রিয়া ফিরিয়ে আনবো এবং এ মিলের শ্রমিকরা বহুদিন ধরে চুক্তি ভিত্তিক হিসাবে কাজ করছে তাদের চাকুরী স্থায়ী করনের ব্যাবস্থা করবো। আমি ক্ষমতায় এলে শ্রমিকদের সবসময় পাশে থাকার চেষ্টা করবো।

পরিবহন বিভাগের শ্রমিক ইয়াসির আরাফাত মিলনে সঞ্চালনায় উপস্থিত থেকে বক্তব্য রাখেন, মিলহাউজের শ্রমিক শান্তি, অবসরপ্রাপ্ত শ্রমিক সাবেক সহ-সভাপতি ফারুক আহমেদ।

মাকে শেষ দেখা করালো বিজিবি-

বিএসএফ

মা বাবা বসবাস করে দামুড়হুদা সীমান্তের বিপরীতে ভারতীয় অংশের চাপড়া থানার নদীয়া জেলার মহোখোলা গ্রামে। দুই মেয়ে থাকেন দামুড়হুদা থানার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কুতুবপুর গ্রামে।

অনেক আগেই বাবা- মায়ের সাথে অভিমান করে দুই বোন চলে আসেন বাংলাদেশের দামুড়হুদা উপজেলার কুতুবপুর গ্রামে। মা ফজিলা বিবি (৭০)জানা যায় শুক্রবার (২০ জানুয়ারী ) ভোর ৬ টার দিকে মারা যায়।

বাবা আব্দার আলি দুই মেয়েকে জানায় তোদের মা মারা গিয়েছে। মাকে শেষ বারেরমত দেখার জন্য স্থানীয় বিজিবি ও বি এস এফ কে অনুরোধ জানান তার পিতা। মানবিক বিষয় বিবেচনা করে উভয় দেশের সৈনিকদের মতামতের ভিত্তিতে বিকাল ৩টা ৪০ মিনিট থেকে ৪টা ১০ মিনিট সময় নির্ধারন করেন।

ঐ সময়ের মধ্যে মেয়ে ডালিমন খাতুন (৫২)ও রাবেয়া খাতুন (৪৬) ভারতীয় অংশে প্রবেশ করে মাকে শেষ বারের মত দেখে চলে আসেন।

চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন-৬ বিজিবি অধিনায়ক লেঃ কর্নেল শাহ মো: ইশতিয়াক পি এস সি ঘটনাটি নিশ্চিত করেছে। এ ঘটনায বিজিবি- বিএস এফ দৃষ্টান্ত স্থাপন করেছে।

দর্শনায় ক্রিকেট টুর্নামেন্ট ডিপিএল’র উদ্বোধন

“খেলা ধুলায় মনোনিবেশ করি, মাদকমুক্ত সমাজ গড়ি” এই শ্গালোগানকে সামনে রেখে দর্শনা পৌর মাঠে দর্শনা প্রিমিয়ার লীগের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান, দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহাফুজুর রহমান মনজু।

শুক্রবার বিকাল ৩ টার দিকে দর্শনা খেলাঘরের আয়োজনে ডিপিএলে’র

উদ্বোধনী ম্যাচে অংশ নেয় টাইগার ক্লাব একাদশ ও শান্তিনগর একাদশ। ১২ ওভারের এ ম্যাচে টাইগার ক্লাবকে ৮ উইকেটে হারিয়ে বিজয়ী হয়েছে শান্তিনগর একাদশ। খেলা পরিচালনা করেন, টিটু, সুলভ দাস ও সাজু।

উদ্বোধনী খেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, শিক্ষক নেতা হারুন জুয়েল, দামুড়হুদা উপজেলা যুবলীগের সহসম্পাদক আ. মান্নান খান, দর্শনা পৌর যুবলীগের সাধারণ সম্পাদক শেখ আসলাম আলী তোতা প্রমুখ।

দর্শনা পৌর আ.লীগের বর্ধিতসভা,পৌর উপ-নির্বাচনে দলীয় মেয়র প্রার্থী হাবু

দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান মারা যান গত মাসের ২৭ তারিখে। মেয়রের মৃত্যুতে দর্শনা পৌর উপ-নির্বাচন আসন্ন। এ নির্বাচনে আ.লীগ সমর্থিত প্রার্থী করণের দাবী ওঠে আতিয়ার রহমান হাবুকে। শুরুতে ঈশ্বরচন্দ্রপুর থেকে এ দাবী করা হলেও ধীরে ধীরে পৌরবাসির দাবীতে পরিণত হয়েছে।

দর্শনা পৌর আ.লীগের বর্ধিতসভায় সর্বসম্মতিক্রমে আসন্ন দর্শনা পৌর উপ-নির্বাচনে আ.লীগ সমর্থিত প্রার্থী মেয়র প্রার্থী হিসেবে আতিয়ার রহমান হাবু আলোচনা এসেছেন। এ সময় বক্তারা আতিয়ার রহমান হাবুকে মেয়র প্রার্থী হিসেবে প্রাথমিকভাবে ঘোষনা করেন।

শুক্রবার বিকালে দর্শনা পৌর আ.লীগের কার্যালয়ে অনুষ্ঠিত বর্ধিতসভার সভাপতিত্ব করেন, পৌর আ.লীগের সহসভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী।

প্রধান অতিথির বক্তব্য দেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান, দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু, সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দর্শনা পৌর আ.লীগের যুগ্নসম্পাদক গোলাম ফারুক

আরিফ, আ.লীগ নেতা হাজি জাহিদুল ইসলাম, হাজি ইদ্রিস আলী, মোজাহারুল ইসলাম, হাজি আ. জলিল, বিল্লাল হোসেন, হুমায়ন কবীর, দর্শনা পৌর প্যানেল মেয়র রবিউল হক সুমন প্রমুখ।

এ ছাড়া উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আ. হান্নান ছোট। উল্লেখ্য, গত ২৭ ডিসেম্বর ভারতে চিকিৎসাধীন অবস্থায় মারা যান দর্শনা পৌরসভার ৪ বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমান। সাবেক দর্শনা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ততকালীন আ.লীগের বর্ষিয়ান নেতা প্রয়াত শামসুল ইসলামের জ্যোষ্টপুত্র মতিয়ার রহমানের মৃত্যুর কারণে পৌরবাসি সহ দলীয়ভাবে তার মেজো ছেলে দামুড়হুদা উপজেলা আ.লীগের কোষাধ্যক্ষ, বিশিষ্ট সিএ্যান্ডএফ ব্যবসায়ী আতিয়ার রহমানকে মেয়র প্রার্থী হিসেবে দেখতে চায়। সে লক্ষে আ.লীগের বর্ধিতসভায় সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জীবননগরে জমির আইল কাটাকে কেন্দ্র করে হামলা যুবক জখম

জীবননগর উপজেলার শ্রীরামপুর মাঠে জমির আইল কেটে জমি নষ্ঠ করার ঘটনায় প্রতিবাদী কৃষক যুবককে মেশিনের হ্যান্ডিল দিয়ে মারাত্মক ভাবে জখম করা হয়েছে।

ঘটনাটি বৃহস্পতিবার সকালের দিকে সংঘটিত হয়েছে। জখম যুবককে জীবননগর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় থানায় মামলা করা হয়েছে।

জীবননগর উপজেলার বাঁকা ইউনিয়নের সুটিয়া মাঝপাড়ার প্রান্তিক কৃষক শফিকুল ইসলাম বলেন,আমার পার্শ্ববর্তী শ্রীরামপুর মাঠে থাকা আমার জমির আইল গ্রামের মৃত মহিউদ্দিনের ছেলে শফিউদ্দি শফি পর্যায়ক্রমে কেটে নষ্ট করার ব্যাপারে আমার ছেলে বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টার দিকে ঘটনাস্থলে প্রতিবাদ জানায়।

এসময় শফি আমার ছেলে ইলাহি ওরফে ইলার(৩৪) ওপর ক্ষিপ্ত হয়ে তাকে বেধড়ক মারপিট করে জখম করে। শফি আমার ছেলেকে হত্যার উদ্দেশ্যে

মাথায় মেশিনের হ্যান্ডিল দিয়ে আঘাত করে মারাত্মক ভাবে রক্তাক্ত জখম করে। আমার ছেলে মাটিতে লুটিয়ে পড়ার পরও শফি তাকে মারপিট করে জখম করে।

ঘটনার প্রত্যক্ষদর্শী বাঁকা ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ড মেম্বার মিন্টু মিয়া বলেন,ঘটনার সময় একই মাঠের পার্শ্ববর্তী জমিতে আমি কাজ করছিলাম। ওই সময় শফি ও ইলার মধ্যে জমির আইল কাটা নিয়ে কথা কাটাকাটির এক পর্যায়ে শফি ইলার মাথায় আঘাত করলে ইলার মাথা কেটে রক্তাক্ত জখম হয়।

আমরা ঘটনাস্থলে পৌছানোর আগেই শফি ঘটনাস্থান থেকে সরে যায়। এ সময় ইলাকে উদ্ধার করে জীবননগর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার ব্যাপারে থানায় লিখিত অভিযোগ হয়েছে। তারপরও আমরা চেষ্টা করছি,ঘটনাটি স্থানীয় ভাবে আপস নিস্পত্তি করা যায় কিনা।

জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ আব্দুল খালেক বলেন,ঘটনার ব্যাপারে একটি লিখিত অভিযোগ পাওয়া গেছে। ভিকটিমের মাথায় কাটা ছবি দেখেছি। ঘটনাটি তদন্ত শেষে আইনি ব্যবস্থা গ্রহন করা হবে।

দর্শনা রেলগেটে আমির ও সুজনের অবৈধ্য মদের ব্যবসা , প্রশাসনের হস্তক্ষেপ কামনা

দর্শনা রেলগেটে আমির ও সুজন নামের দু’ব্যাক্তি অবৈধ্যভাবে চলিয়ে যাচ্ছে মদের জমজমাট ব্যবসা। তারা দীর্ঘদিন ধরে দর্শনা বাসস্ট্যান্ড-মুজিবনগর সড়কের রেলবাজার রেলগেট নামক স্থানের বৈশাখী হোটেলের নিকটবর্তী স্থানে অবৈধ্যভাবে এ মদের ব্যবসা বীরদর্পের সাথে নির্বিগ্নে চালিয়ে যাচ্ছে।

জানাগেছে, দর্শনা রেলগেট সংলগ্ন বৈশাখী হোটেল সংলগ্ন স্থানের বাসিন্দা দেলোয়ার হোসেনের ছেলে আমির তার নিজ বাড়ির পার্শেই

দর্শনা শান্তিপাড়ার সুজনকে নিয়ে গড়ে তুলেছে অবৈধ্য মদের জমজমাট ব্যবসা। তারা দীর্ঘদিন ধরে রেলগেট সংলগ্ন আমির তার সহযোগী দর্শনা শান্তিপাড়ার সুজনকে সাথে নিয়ে বীরদর্পের অবৈধ এ মদের ব্যাবসা চালিয়ে যাচ্ছে। তাদের অবৈধভাবে এ মদের ব্যাবসার কারণে প্রতিদিন বিকাল হতে মধ্যরাত পর্যন্ত মদ সেবনকারীদের আড্ডাখানায় পরিণত হয়।

যার ফলে সেখান হতে উঠতি বয়সী সহ বিভিন্ন বয়সের মানুষ খুব সহজে মদ ক্রয়ের পর তা সেবন করতে পারছে। যার ফলে মদ সেবনের পর তারা মাতলামী সহ অশ্লিল গালমন্দের কারণে পথচারীদের চলাচলে নানাবিদ সমস্যার সম্মক্ষিন হতে হচ্ছে। তাই স্থানীয় ব্যবসায়ী সহ সচেতন মহলের দাবী অবৈধ্য মদ বিক্রি বন্ধ সহ ব্যবসায়ীদের আইনের আওতায় নিতে পুলিশ-প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছে।

এবিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীর বলেন, মদের ব্যবসার বিষয়টি আমার জানানেই। তবে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে জানান।

দর্শনা সীমান্তে অবৈধ অনুপ্রবেশের অপারাধে বিজিবি’র হাতে আটক ১

দামুড়হুদা উপজেলার দর্শনা থানার ঠাকুরপুর সীমান্তে ভারত থেকে অবৈধ অনুপ্রবেশকালে এক বাংলাদেশী নাগরিককে আটক করেছে ঠাকুরপুর বিজিবি ক্যাম্প।

জানাগেছে, বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২ টার দিকে ঠাকুরপুর ক্যাম্পের বিজিবি সদস্যগণ নিয়মিত টহল ডিউটি করা কালীন অবৈধ ভারত থেকে আসা এক বাংলাদেশী নাগরিককে আটক করে।

আটককৃত ব্যক্তি পাসপোর্ট,ভিসা বা কোনো সন্তোষজনক উত্তর দিতে না পারায় তাকে ভারত হতে বাংলাদেশের সীমান্তে অনধিকার প্রবেশ করার

দায়ে তাকে আটক করে। সে দর্শনা থানাধীন কুড়ালগাছি ইউনিয়নের চাকুলিয়া গ্রামের মাঠের মধ্যে ভারতীয় সীমান্তে ৮৭ নং পিলারের নিকট হতে বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা থানাধীন কুড়াল গাছি ইউনিয়নের চাকুলিয়া গ্রামের মাঠের মধ্যে ভারতীয় সীমান্তের বাংলাদেশের নোয়াজ্জেস হালসোনা(৪২),কে আটক করে। সে চাকুলিয়া গ্রামের ফজলে লতিফের ছেলে।

এ ঘটনায় ঠাকুরপুর ক্যাম্প কমান্ডার বাদি হয়ে অবৈধ অনুপ্রবেশের ঘটনায় দর্শনা থানায় মামলা দায়ের করছে।
এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম লুৎফুল কবির ঘটনার সত্যতা স্বীকার করে বলেন অবৈধ অনুপ্রবেশের দায়ে তার বিরুদ্ধে মামলা হয়েছে।

চুয়াডাঙ্গায় এশিয়ান টেলিভিশনের ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দশ পেরিয়ে এগারোতে পদার্পণ সবার সাথে এশিয়ান টেলিভিশন এই স্লোগান কে সামনে রেখে বুধবার (১৮ই জানুয়ারি) চুয়াডাঙ্গায় এশিয়ান টিভির ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

সকাল ১০ টার সময় চুয়াডাঙ্গা পুলিশ পার্কের অডিটোরিয়ামে প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান পালিত হয় ।

চুয়াডাঙ্গা সদর প্রতিনিধি হাসেম রাজের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন।

এশিয়ান টেলিভিশনের দীর্ঘ ১০ বছরের সাফল্য নিয়ে আলোচনা ও এশিয়ান টিভির উত্তর উত্তর সমৃদ্ধি কামনা করেন সকল অতিথিবৃন্দরা । অনুষ্ঠান শেষে কেক কাটার মধ্য দিয়ে এশিয়ান টেলিভিশনের ১০ম বর্ষপূর্তি পালন করা হয়।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইট প্রস্তুত

মালিক সমিতির যুগ্ন মহাসচিব খাজা নাসির উদ্দিন আহম্মেদ,বাংলাদেশ যুবমহিলালীগ চুয়াডাঙ্গা জেলা শাখার সভাপতি আফরোজা পারভীন, প্রতিবন্ধি সেবা ও সাহায্য কেন্দ্রের কনসালটেন্ট ডাঃ নুর আলম আকাশ, দৈনিক আকাশ খবর পত্রিকার সম্পাদক ও দিপ্ত টিভির জেলা প্রতিনিধি জান্নাতুল আওলিয়া নিশি, যমুনা টেলিভিশনের চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি জিসান আহমেদ, নবগঠিত গড়াইটুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুর রহমান রাজু, চুয়াডাঙ্গার বিশিষ্ট ব্যবসায়ী দেবাসিস বিশ্বাস ও সাংবাদিক বৃন্দুরা।

জীবননগরে গ্রাম-পুলিশদের মাঝে কম্বল বিতরন

চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের নির্দেশে জীবননগর উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদে কর্মরত গ্রাম পুলিশদের মাঝে কম্বল বিতরন করা হয়েছে।

বুধবার দুপুরে জীবননগর থানার চত্বর উপজেলার ৬০জন দফাদার ও গ্রাম পুলিশের মাঝে শীতবস্ত্র কম্বল বিতরন করা হয়।

জীবননগর-দামুড়হুদা সার্কেল এএসএসপি মুন্না বিশ্বাস প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে কম্বল বিতরন করেন।

এসময় জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) আব্দুল খালেক, জীবননগর ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) স্বপন কুমার দাস, সেকেন্ড অফিসার সাব-ইন্সপেক্টর কেরামত আলী,নাহিরুল ইসলাম,সোহাগ হোসেনসহ থানার সকল অফিসার ফোর্স উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা গ্রাম পুলিশ অ্যাসোসিয়েশন সভাপতি আহার আলী বলেন,আমরা অনেক দিন ধরে চাকুরির সুবাদে দায়িত্ব পালন করে আসছি। কিন্তু এমন আনুষ্ঠানিকতার সাথে গ্রাম পুলিশদের কোন পুলিশ সুপার মহোদয় কোন শীতবস্ত্র বিতরন করেছেন বলে আমাদের জানা নেই। আমাদের জানামতে পুলিশ সুপারের পক্ষ থেকে গ্রাম পুলিশদের কম্বল বিতরন

এটিই প্রথম। মানবিক পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন স্যারের এমন মহত উদ্যোগ আমাদেরকে কাজে কাজে অনুপ্রাণিত ও উৎসাহিত প্রদান করবে।

কম্বল বিতরন কালে প্রধান অতিথি জীবননগর-দামুড়হুদা সার্কেল এএসপি মুন্না বিশ্বাস বলেন,গ্রাম পুলিশও অনেক দায়িত্ব পালন করে থাকে বলেই গ্রাম অঞ্চলে পুলিশের কাজ করতে সুবিধা হয়। তিনি গ্রাম পুলিশদের উদ্দেশ্যে বলেণ,আপনারা এলাকায় যথাযথ দায়িত্ব পালন করবেন। আপনার পুলিশকে সহযোগীতা করলে এলাকায় অপরাধ প্রবণতা কমবে।

উথলীতে স্বাস্থ্য কর্মীদের সাথে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার মতবিনিময়

স্বাস্থ্য সেবার মান উন্নয়নে জীবননগর উপজেলার উথলীতে ইউনিয়ন পর্যায়ে উপ-স্বাস্থ্য,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের নানা সমস্যা ও সম্ভাব্য বিষয় নিয়ে ওয়েভ ফাউন্ডেশন ও উপজেলা লোকমোর্চার নেতৃবৃন্দের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টায় উথলী ডিগ্রী কলেজ মাঠে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার আয়োজনে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উথলী উপস্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় চিকিৎসার মান আরও বৃদ্ধি করতে নানা পদক্ষেপ গ্রহণ করা হয় এবং সেগুলো বাস্তবায়নের জন্য পরিকল্পনা নেওয়া হয়।

উথলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আব্দুল মান্নান পিল্টু’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি,উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ।বিশেষ অতিথি হিসেবে ছিলেন জীবননগর উপজেলা পরিষদের

সাবেক চেয়ারম্যান ও উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক আবু মো.আব্দুল লতিফ অমল,উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সাংবাদিক সালাউদ্দীন কাজল,উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল,ইউনিয়ন লোকমোর্চার সদস্য ইউনুচ আলী,অবসরপ্রাপ্ত শিক্ষক দাউদ হোসেন,আব্দুল মতিন সহ অনেকে।

এছাড়াও অনুষ্ঠানে ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের দায়িত্বরত স্বাস্থ্য কর্মীরা উপস্থিত ছিলেন।